ইরাকে মার্কিন সামরিক বিমান দুর্ঘটনায় নিহত ৪



ছবি: সংগৃহীত

ইরাক-এর পশ্চিমাঞ্চলে মার্কিন বাহিনীর একটি জ্বালানি পরিবহন বিমান বিধ্বস্ত হয়ে চার সেনাসদস্য প্রাণ হারিয়েছেন। বিষয়টি নিশ্চিত করে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানায়, দুর্ঘটনার সময় বিমানে মোট ছয়জন ক্রু ছিলেন। তাদের মধ্যে চারজন নিহত হয়েছেন, আর বাকি সদস্যদের উদ্ধারে তৎপরতা চলছে।

প্রাথমিক তদন্তে জানা গেছে, শত্রুপক্ষের হামলা বা নিজেদের বাহিনীর ভুল গুলিতে এ ঘটনা ঘটেনি। উড্ডয়নের সময় আরেকটি জ্বালানি সরবরাহকারী ট্যাঙ্কার বিমানের সঙ্গে সংঘর্ষই দুর্ঘটনার সম্ভাব্য কারণ বলে ধারণা করা হচ্ছে। বিধ্বস্ত বিমানটি কেসি-১৩৫ মডেলের রিফুয়েলিং এয়ারক্রাফট।

ঘটনার সঙ্গে যুক্ত দ্বিতীয় ট্যাঙ্কার বিমানটি জরুরি সংকেত পাঠিয়ে নিরাপদে অবতরণ করতে সক্ষম হয়। এটি ইসরায়েল-এর বেন গুরিয়ন বিমানবন্দর-এ নেমে আসে। ফ্লাইট ট্র্যাকিং তথ্যে দেখা যায়, বিমানটি আন্তর্জাতিক জরুরি সংকেত কোড '৭৭০০' সম্প্রচার করেছিল। প্রকাশিত ছবিতে ট্যাঙ্কারটির পেছনের লেজের অংশে গুরুতর ক্ষতির চিহ্ন মিলেছে।

পুরো ঘটনাটি তদন্তে উচ্চপর্যায়ের অনুসন্ধান শুরু করেছে মার্কিন সামরিক কর্তৃপক্ষ।

সূত্র: টাইমস অব ইসরায়েল